দৈনিক
ইত্তেফাক

১৫/১০/১২
তারিখ .....
পৃষ্ঠা ...২০... কলাম ...৪...

সরকারি প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ

দাবি বাস্তবায়নে ১৫ দিনের আল্টিমেটাম

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের পদ ২য় শ্রেণীর গেজেটেড পদমর্যাদায় বেতন স্কেল ১০ম গ্রেডে এবং সহকারী শিক্ষকদের পদ জাতীয় বেতন স্কেলে ১১তম গ্রেডে উন্নীতকরণসহ ৭ দফা দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি।

গতকাল সোমবার রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে বিক্ষোভ সমাবেশ করেন শিক্ষকরা। সমাবেশে বাংলাদেশ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সভাপতি মো. আব্দুল আউয়াল তালুকদার, সহ-সভাপতি পৃষ্ঠা ২ কলাম ১

দাবি বাস্তবায়নে

২০ পৃষ্ঠার পর

আবুল হোসেন, মহা-সম্পাদক সালেহা আক্তার, সহ-মহাসম্পাদক নাজমুল হক পিটন, সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন ভূঁইয়া প্রমুখ উপস্থিত ছিলেন।

সংগঠনের পক্ষ থেকে দাবি বাস্তবায়নে ১৫ দিনের আল্টিমেটাম দিয়ে নতুন কর্মসূচি ঘোষণা করা হয়েছে। নতুন কর্মসূচিতে ১, ৩ ও ৪ নভেম্বর এক ঘণ্টা কর্মবিরতি, ৫-৬ নভেম্বর দুই ঘণ্টা কর্মবিরতি, ৭- ৮ নভেম্বর অর্ধদিবস কর্মবিরতি এবং ১২ নভেম্বর থেকে দাবি আদায় না হওয়া পর্যন্ত পূর্ণ দিবস কর্মবিরতির ঘোষণা দেয়া হয়েছে।